**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

**সংবাদ গতিধারা**

ঢাকা, সোমবার ২৭ জুলাই ২০১৫, ১২ শ্রাবণ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পদোন্নতির জন্য যোগ্য দেশপ্রেমী কর্মকর্তাদের নির্বাচন করুন
: সেনাসদরে নির্বাচনী পর্ষদ বৈঠকে প্রধানমন্ত্রী
২। বাংলাদেশে ট্রাক্টর কারখানা স্থাপনে আগ্রহী বেলারুশ সরকার : শিল্পমন্ত্রী
৩। চলতি অর্থবছর রপ্তানির লক্ষ্যমাত্রা ৩৩.৫ বিলিয়ন ডলার : বাণিজ্যমন্ত্রী
৪। এইচএসসির ফল প্রকাশ ৯ আগস্ট
৫। গুটি কয়েক গ্রাহকের কাছে ঋণ কেন্দ্রীভূত হতে দেবেন না : গভর্নর
৬। জেলা প্রশাসক সম্মেলন শুরু মঙ্গলবার
৭। মানব পাচার প্রতিরোধে তিনটি বিধিমালা হচ্ছে
: মামলা দ্রুত নিষ্পত্তির জন্য বিচার হবে ট্রাইব্যুনালে
৮। ৩৫তম বিসিএসের লিখিত পরীক্ষার সূচি প্রকাশ
৯। ব্রাজিলের গম বিতরণ বন্ধ করুন : সুপ্রিম কোর্ট
১০। ৪৭ উপজেলায় নির্বাচন কমিশনের বিশেষ নজরদারি : ভোটার তালিকা হালনাগাদ
১১। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আড়াই কোটি টাকার আমদানি নিষিদ্ধ
ওষুধ ও মোবাইল ফোন জব্দ
১২। সড়ক অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে মহাপরিকল্পনা : বাস্তবায়ন হবে পাঁচ বছরে
১৩। সমুদ্র বন্দরে তিন নম্বর সতর্ক সংকেত : নিম্নচাপে সাগর উত্তাল

চলমান পাতা/২

১। পদোন্নতির জন্য যোগ্য দেশপ্রেমী কর্মকর্তাদের নির্বাচন করুন
: সেনাসদরে নির্বাচনী পর্ষদ বৈঠকে প্রধানমন্ত্রী

পদোন্নতির জন্য মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী সবচেয়ে যোগ্য, সক্ষম, দক্ষ ও দেশপ্রেমী কর্মকর্তাদের নির্বাচন করার জন্য সেনাবাহিনীর জেনারেলদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ২৬ জুলাই রোববার ঢাকা সেনানিবাসে সেনাসদর নির্বাচনী পর্ষদ-২০১৫ এর বৈঠকে প্রধানমন্ত্রী এই আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, আপনাদেরকে সব কিছুর উর্ধ্বে থেকে নিরপেক্ষ দৃষ্টিতে বিচার বিশ্লেষণ করে মহান মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী, দেশপ্রেমিক যোগ্য নেতৃত্ব খুঁজে বের করতে হবে। সেনাবাহিনীতে যারা নেতৃত্ব দিবেন তাদের উদ্দেশে বলতে চাই-আপনারা অধীনস্থদের প্রতি যত্নবান হবেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), প্রথম আলো (পৃ.২,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২)।

২। বাংলাদেশে ট্রাক্টর কারখানা স্থাপনে আগ্রহী বেলারুশ সরকার : শিল্পমন্ত্রী

বেলারুশ সরকার বাংলাদেশে যৌথ উদ্যোগে ট্রাক্টর কারখানা স্থাপনে আগ্রহী বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। সম্প্রতি বেলারুশ সফরকালে শিল্পমন্ত্রীর সঙ্গে বেলারুশের শিল্প উপমন্ত্রী এবং উপপ্রধানমন্ত্রীর বৈঠকে এ আগ্রহ প্রকাশ করা হয়। বৈঠকে বেলারুশের শিল্প উপমন্ত্রী বলেন, বেলারুশে বাস, ট্রাক, অটোমোবাইলস, ইলেক্ট্রনিক্স লিফট, পাওয়ার জেনারেটর, ট্রাক্টর, কমবাইন্ড হারভেস্টরসহ নানা যন্ত্রপাতি উৎপাদন করে রপ্তানি করে। তাদের উৎপাদিত ট্রাক্টর পৃথিবীর ১২০টি দেশে রপ্তানি হয়। বাংলাদেশ অনেক ট্রাক্টর আমদানি করে, তাই বাংলাদেশে যৌথ উদ্যোগে ট্রাক্টর কারখানা স্থাপিত হতে পারে। বৈঠকে বেলারুশের শিল্পমন্ত্রীসহ ঊর্ধ্বতন কর্মকর্তা, উভয় দেশের রাষ্ট্রদূতগণ এবং ব্যবসায়ী প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৭), প্রথম আলো (পৃ.১২,ক.১), সংবাদ (পৃ.১৪,ক.২)।

৩। চলতি অর্থবছর রপ্তানির লক্ষ্যমাত্রা ৩৩.৫ বিলিয়ন ডলার : বাণিজ্যমন্ত্রী

চলতি অর্থবছর রপ্তানির লক্ষ্যমাত্রা সাড়ে ৩৩ বিলিয়ন ডলার নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশি টাকায় এই অর্থের পরিমাণ ২ লাখ ৬১ হাজার ৩০০ কোটি টাকা। রপ্তানি প্রবৃদ্ধি নির্ধারণ করা হয়েছে ৭ দশমিক ৩৮ ভাগ। গতকাল ২৬ জুলাই রোববার রপ্তানি উন্নয়ন ব্যুরোর সম্মেলন কক্ষে চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের রপ্তানি লক্ষ্যমাত্রা নির্ধারণ সভাশেষে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ সাংবাদিকদের একথা জানান। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.২), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৬)।

৪। এইচএসসির ফল প্রকাশ ৯ আগস্ট

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষার ফল প্রকাশিত হবে আগামী ৯ আগস্ট। গতকাল ২৬ জুলাই রোববার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সচিবালয়ে সাংবাদিকদের এ তথ্য জানান। ৯ আগস্ট সকালে প্রধানমন্ত্রীর কাছে ফলাফলের কপি তুলে দিবেন মন্ত্রী। পরে সচিবালয়ে সংবাদ সম্মেলনে ফলাফলের বিভিন্ন দিক তুলে ধরা হবে। শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াও মোবাইল এসএমএস এবং ওয়েবসাইটের মাধ্যমেও ফল জানা যাবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১, ক.৮), সংবাদ (পৃ.১,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬)।

৫। গুটি কয়েক গ্রাহকের কাছে ঋণ কেন্দ্রীভূত হতে দেবেন না : গভর্নর

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান বলেছেন, ব্যাংক ঋণের গুরুত্বপূর্ণ অংশ যাতে গুটিকয়েক গ্রাহকের মধ্যে কেন্দ্রীভূত না হতে পারে সেদিকে বিশেষ খেয়াল রাখতে হবে। গতকাল ২৬ জুলাই রোববার বাংলাদেশ ব্যাংক কনফারেন্স হলে ফিন্যান্সিয়াল স্ট্যাবিলিটি রিপোর্ট এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)। ফিনানশিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। জেলা প্রশাসক সম্মেলন শুরু মঙ্গলবার

তিন দিনব্যাপী জেলা প্রশাসক সম্মেলন আগামীকাল ২৮ জুলাই মঙ্গলবার শুরু হচ্ছে। সকাল ১০টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই সম্মেলনের উদ্বোধন করবেন। গতকাল ২৬ জুলাই রোববার মন্ত্রিপরিষদ বিভাগের সচিব মোশাররাফ হোসাইন ভূইঞা এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানিয়েছেন। তিনি জানান, এবার জেলা প্রশাসক সম্মেলন উপলক্ষে ৪৯টি মন্ত্রণালয় সম্পর্কে ২৫৩টি প্রস্তাব এসেছে। এর মধ্যে সবচেয়ে বেশি প্রস্তাব এসেছে ভূমি ও জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কে। এছাড়া স্বরাষ্ট্র এবং এলজিআরডিসহ আরো বেশ কয়েকটি মন্ত্রণালয় সম্পর্কেও জেলা প্রশাসকদের কাছ থেকে গুরুত্বপূর্ণ প্রস্তাব এসেছে। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.৮), নিউজ টুডে (পৃ.১,ক.৭)।

৭। মানব পাচার প্রতিরোধে তিনটি বিধিমালা হচ্ছে : মামলা দ্রুত নিস্পত্তির জন্য বিচার হবে ট্রাইব্যুনালে

মানব পাচার প্রতিরোধে তিনটি বিধিমালা করার উদ্যোগ নিয়েছে সরকার। এছাড়া মানব পাচার প্রতিরোধ ও দমন আইনের মামলাগুলো দ্রুত নিস্পত্তির জন্য সাত বিভাগে ট্রাইব্যুনাল গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই

ট্রাইব্যুনাল না হওয়া পর্যন্ত এ সংক্রান্ত মামলার বিচার হবে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে। আইন ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্র বলেছে, বর্তমানে মানব পাচার আশঙ্কাজনক হারে বেড়ে গেছে। এ কারণে তিনটি বিধিমালা করার উদ্যোগ নেওয়া হয়েছে। মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২ এর ৪৩ ও ৪৬ ধারার ক্ষমতাবলে এসব বিধিমালা করা হবে। এগুলো হলো: জাতীয় মানব পাচার দমন সংস্থা বিধিমালা ২০১৫, মানব পাচার প্রতিরোধ ও দমন বিধিমালা ২০১৫ এবং মানব পাচার প্রতিরোধ ও তহবিল বিধিমালা ২০১৫। সূত্র-প্রথম আলো (শেষ পৃ.,ক.৪)।

৮। ৩৫তম বিসিএসের লিখিত পরীক্ষার সূচি প্রকাশ

পঁয়ত্রিশতম বিসিএসের লিখিত পরীক্ষার সূচি প্রকাশ করেছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। আগামী ১ সেপ্টেম্বর থেকে আবশ্যিক বিষয়ের পরীক্ষা শুরু হয়ে চলবে ৭ সেপ্টেম্বর পর্যন্ত। আর পদ সংশ্লিষ্ট বিষয়ের পরীক্ষা হবে ৯ সেপ্টেম্বর থেকে ১০ অক্টোবর। গতকাল ২৬ জুলাই রোববার কমিশনের ওয়েবসাইটে লিখিত পরীক্ষার বিস্তারিত সূচি প্রকাশ করা হয়। ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট এবং রংপুর কেন্দ্রে একযোগে ৩৫তম বিসিএসের লিখিত পরীক্ষা হবে। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.১), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), সংবাদ (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.১)।

৯। ব্রাজিলের গম বিতরণ বন্ধ করুন : সুপ্রিম কোর্ট

ব্রাজিল থেকে আমদানি করা গম নিয়ে হাইকোর্টের দেওয়া রায় দুই সপ্তাহের জন্য স্থগিত করে রাষ্ট্রপক্ষকে নিয়মিত আপিল করতে বলেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। পাশাপাশি আমদানি করা গমের যতটুকু এখনও বিতরণ করা হয়নি এই সময়ের মধ্যে তা আর বিতরণ না করতে মৌখিক নির্দেশ দিয়েছেন আদালত। গতকাল ২৬ জুলাই রোববার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন চার সদস্যের আপিল বেঞ্চ এসব আদেশ দেন। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮), ডেইলি স্টার (পৃ.২,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)। নিউজ টুডে, নিউ নেশন, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। ৪৭ উপজেলায় নির্বাচন কমিশনের বিশেষ নজরদারি : ভোটার তালিকা হালনাগাদ

দেশজুড়ে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে রোহিঙ্গাদের অন্তর্ভুক্তি ঠেকানোসহ নানা দিক বিবেচনায় ৪৭টি উপজেলাকে চিহ্নিত করেছে নির্বাচন কমিশন (ইসি)। এসব উপজেলায় ইসির নিজস্ব নজরদারি ছাড়াও গোয়েন্দা নজরদারি থাকবে। একই সঙ্গে তথ্য সংগ্রহকারীদের সংশ্লিষ্ট উপজেলায় যোগাযোগের জন্য বিশেষ সুবিধার ব্যবস্থাও করা হয়েছে। স্বচ্ছ ও নির্ভুল তালিকা নিশ্চিত করতে গতকাল ২৬ জুলাই রোববার এসব সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.২)।

১১। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আড়াই কোটি টাকার আমদানি নিষিদ্ধ ওষুধ ও মোবাইল ফোন জব্দ

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে দুই কোটি ৬০ লাখ টাকা মূল্যের আমদানি নিষিদ্ধ ওষুধ ও মোবাইল ফোন সেট জব্দ করা হয়েছে। ঢাকা কাস্টমস হাউসের প্রিভেন্টিভ টিম এসব জব্দ করে। বিমানবন্দরের কুরিয়ার এলাকার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে গতকাল ২৬ জুলাই রোববার এসব ওষুধ ও মোবাইল সেট জব্দ করা হয়। যার আনুমানিক মূল্য দুই কোটি ৬০ লাখ টাকা। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৯,ক.১), ইত্তেফাক (পৃ.৩,ক.৪), সমকাল (পৃ.১৭,ক.২)।

১২। সড়ক অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে মহাপরিকল্পনা : বাস্তবায়ন হবে পাঁচ বছরে

আগামী পাঁচ বছরে সড়ক অবকাঠামো উন্নয়নের মহাপরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। বিশেষ করে বৃহৎ প্রকল্পগুলোর বাস্তবায়ন করতে চায় সরকার। এছাড়া শুধু অবকাঠামোই নয়, যানজট নিরসনসহ দেশের সার্বিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে কৌশলগত বিষয়গুলোকেও গুরুত্ব দেওয়া হচ্ছে। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় মহাপরিকল্পনাটি বাস্তবায়নে অর্থ বরাদ্দের বিষয়টিও স্পষ্ট করা হচ্ছে বলে জানা গেছে। আগামী পাঁচ বছরে (২০১৬-২০ সাল) ৮টি মেগা প্রকল্প সমাপ্ত এবং কাঙ্ক্ষিত অগ্রগতি অর্জনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এগুলোর মধ্যে পদ্মা সেতু, গভীর সমুদ্রবন্দর, এমআরটি-৬ প্রকল্প, এলএনজি টার্মিনাল, পায়রা বন্দর প্রকল্প, ট্রান্স এশিয়ান হাইওয়ে প্রকল্প, চট্টগ্রাম বন্দর উন্নয়ন প্রকল্প সমাপ্ত ও কাঙ্ক্ষিত অগ্রগতি এবং যমুনা নদীর তলদেশ দিয়ে টানেল (রাস্তা এবং রেল সংযুক্ত) প্রকল্পের অন্তত সম্ভাব্যতা যাচাই কাজ শেষ করতে চাওয়া হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৪), প্রথম আলো (পৃ.১২,ক.২), সমকাল (পৃ.১৪,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৪)।

১৩। সমুদ্র বন্দরে তিন নম্বর সতর্ক সংকেত : নিম্নচাপে সাগর উত্তাল

উত্তর বঙ্গোসপাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকায় অবস্থানরত মৌসুমী নিম্নচাপটি সামান্য পশ্চিম দিকে অগ্রসর হয়ে ঐ এলাকায় অবস্থান করছে। এটি গতকাল ২৬ জুলাই রোববার সন্ধ্যা ৬টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ১৫০ কিলোমিটার পশ্চিম ও দক্ষিণ-পশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ১৭০ কিলোমিটার, পশ্চিম ও উত্তর-পশ্চিমে, মংলা সমুদ্রবন্দর থেকে ১০৫ কিলোমিটার দক্ষিণ-পূর্বে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ২০ কিলোমিটার পূর্বে অবস্থান করছিল। এটি আরও ঘনীভূত হতে পারে। চট্টগ্রাম, কক্সবাজার, মংলা, পায়রা সমুদ্র বন্দরসমূহকে তিন নম্বর স্থানীয় সতর্কতা সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে অতিসত্বর নিরাপদ আশ্রয়ে যেতে বলা হয়েছে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত

নিরাপদ আশ্রয়ে থাকার জন্য বলা হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), ইনকিলাব (শেষ পৃ.,ক.৭)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : গত বছর শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আড়াই কেজিরও বেশি সোনা চোরাচালানের সাথে সিভিল এভিয়েশনের কর্মকর্তা কর্মচারীরা জড়িত থাকায় অভিযুক্তদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা না নেওয়ায় এক শ্রেণির অপরাধী চক্র দুর্দমনীয় হয়ে উঠায় উদ্বেগ প্রকাশ করে যেকোনো মূল্যে এসব চক্রকে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার দাবি;

খ. ইত্তেফাক : ক্যান্সারের নকল ওষুধ বিদেশ থেকে আমদানি হয়ে উচ্চমূল্যে রাজধানীসহ সারাদেশে পাওয়া যাচ্ছে জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের কর্মকর্তারা দেশে বিদেশে তদন্ত চালিয়ে তা প্রমাণ পেয়েছেন উল্লেখ করে এর জন্য দায়ী অসাধু চক্রকে প্রতিরোধে দেশি ও বিদেশি সংস্থাকে সার্বিক সহযোগিতার আহ্বান;

গ. সংবাদ : নারীদের ভোটার হতে উদ্বুদ্ধ করতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে নির্বাচন কমিশনের (ইসি) প্রতি সুপারিশ;

ঘ. জনকণ্ঠ : চিংড়ি শিল্পের বিকাশে চিংড়ি ঘেরগুলোকে মানসম্মত করাসহ বিদেশে বাজার প্রসারের জন্য উদ্যোগ নেওয়ার আহ্বান;

ঙ. সমকাল : বিভিন্ন হাসপাতালে প্রয়োজনীয় অ্যাম্বুলেন্স ও বিদেশের মত সব সড়কে জরুরি হাসপাতাল বা ফায়ার সার্ভিসের মতো জরুরি যানবাহন চলাচলের জন্য রেড জোনের ব্যবস্থা ঢাকাতে করা গেলে জনগণ অনেক দুর্ঘটনা থেকে রক্ষা পেত বলে মন্তব্য;

চ. ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট : বাংলাদেশ ছাত্রলীগের ২৮তম কাউন্সিলে ছাত্রলীগের নেতা-কর্মীদের উদ্দেশে দেওয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্যকে স্বাগত জানিয়ে নির্দেশনাগুলো যথাযথভাবে প্রতিফলনের প্রত্যাশা;

ছ. ডেইলি সান : বিগত ৩১ বছর ধরে ৫শত টন নিষিদ্ধ ডিডিটি পাউডার চট্টগ্রামে সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানে থাকার খবরকে টাইম বোমের সাথে তুলনা করে স্টোরেজ এরিয়ার লোকদের নিরাপত্তায় কর্তৃপক্ষকে যথাযথ ব্যবস্থা গ্রহণের আহ্বান;

জ. নিউজ টুডে : ব্রাজিলের গম বিতরণে সুপ্রিম কোর্টের নিষেধাজ্ঞা তুলে ধরে এখনই ঘটনায় জড়িতদের যথোপযুক্ত শাস্তি প্রদানের সুপারিশ;

ঝ. নিউ নেশন : রাজধানীর বিভিন্ন স্থানে ডেঙ্গুজ্বর দেখা দেওয়ায় উদ্বেগ প্রকাশ করে সিটি কর্পোরেশনসহ স্বাস্থ্য সেবা প্রদানকারী কর্মকর্তাদের এ ব্যাপারে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে এগিয়ে আসার আহ্বান;

ঞ. নিউ এজ : পার্বত্য চট্টগ্রামের ২২৮টি স্কুলের মান কম হয়ে পড়ায় ডোনারদের সাহায্য বন্ধ হয়ে যাওয়ায় ছাত্রছাত্রীদের দুর্ভোগ লাঘবে সরকারের হস্তক্ষেপ কামনা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশে মৌলবাদের অভ্যুত্থান ঠেকাতে কোনো দলকে বা দলসমূহকে নিষিদ্ধ না করে রাজনীতিতে ধর্মের অপব্যবহার নিষিদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত 'বিশৃঙ্খল উচ্চ শিক্ষা' শিরোনামের নিবন্ধে মাছুম বিল্লাহ আয়কর না ধরিয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মান কিভাবে বাড়ানো যায় সে দিকে লক্ষ্য রেখে বিভিন্ন পদক্ষেপ নিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা